

জেলা প্রশাসন স্কুল এন্ড কলেজ

মাদারীপুর

তারিখ: ১০/০৭/২০২৪ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

মাদারীপুর জেলাধীন জেলা প্রশাসন স্কুল এন্ড কলেজ, মাদারীপুর-এর জন্য ০১ (এক) জন প্রধান শিক্ষক এবং ০২ (দুই) জন সহকারী শিক্ষক আবশ্যিক। শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা: প্রধান শিক্ষক পদের জন্য কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তরসহ এম.এড/বি.এড ডিগ্রী। সকল শিক্ষাগত যোগ্যতায় ৩য় শ্রেণি ১টির বেশি গ্রহণযোগ্য নয়। প্রধান শিক্ষক পদের জন্য মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে সর্বনিম্ন ১৫ (পনের) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। অবসরপ্রাপ্ত শিক্ষকবৃন্দও এই পদে আবেদনের যোগ্য প্রার্থী বলে বিবেচিত হবেন।

সহকারী শিক্ষক পদের জন্য কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/স্নাতকোত্তরসহ এম.এড/বি.এড ডিগ্রী। উভয় পদে সকল শিক্ষাগত যোগ্যতায় ৩য় শ্রেণি ১টির বেশি গ্রহণযোগ্য নয়।

শর্তাবলী: স্বহস্তে লিখিত/জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত আবেদন ফরমটি (আবেদন ফরম <https://mopa.gov.bd> এই ওয়েবসাইটে পাওয়া যাবে) পূরণপূর্বক আবেদনপত্র আগামী ৩১ জুলাই, ২০২৪ খ্রি. তারিখ বিকাল ৪ ঘটিকার মধ্যে শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত ফটোকপি, পাসপোর্ট সাইজের ৩ কপি রসিদ সত্যায়িত ছবি, অভিজ্ঞতার সনদ, যে কোন তফসিলিভুক্ত ব্যাংক হতে প্রধান শিক্ষক পদের বিপরীতে ১০০০/- (এক হাজার) টাকা এবং সহকারী শিক্ষক পদের বিপরীতে ৫০০/- (পাঁচশত টাকা) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ আবেদনপত্র সভাপতি, জেলা প্রশাসন স্কুল এন্ড কলেজ, মাদারীপুর বরাবর জমা দিতে হবে। নির্ধারিত সময়ের পর আর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। বেতন ভাতাদি আলোচনা সাপেক্ষে।

সভাপতি

স-১৩৮৩ (২.৫×২)

জেলা প্রশাসন স্কুল এন্ড কলেজ, মাদারীপুর